

U.G. 6th Semester Examination - 2021**BENGALI****Course Code: BBNGDSHT6****Course Title:** বাংলা সাহিত্যে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$
- ক) মধুসূদনের 'বীরঙ্গনা' কাব্যে কোন্ পাশ্চাত্য কবির প্রভাব আছে?
- খ) বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসের ক্ষেত্রে কোন্ ইংরেজি উপন্যাসের প্রভাব আছে বলে মনে করা হয়?
- গ) 'আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে' — কার লেখা কোন্ কবিতা থেকে উদ্ধৃত?
- ঘ) W.B. Yeats-এর দ্বারা প্রভাবিত বাংলা সাহিত্যের একজন আধুনিক কবির নাম লেখো।
- ঙ) বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশনন্দিনী' উপন্যাসের সঙ্গে স্যার ওয়াল্টার স্কটের কোন্ উপন্যাসের কিছু সাদৃশ্য লক্ষ করা যায়?
- চ) শেক্সপিয়ারের বিখ্যাত ট্রাজেডিগুলি কয় অঙ্ক বিশিষ্ট?
- ছ) কালিদাসের কাব্যের ভাবসৌন্দর্য স্পষ্টভাবে উপলব্ধি করা যায় এরকম দুটি রবীন্দ্রকাব্যের নাম লেখো।

- জ) 'My writings are three-fourths Greek'-এ রকম উক্তি কোন্ বাঙালি কবির পক্ষে করা সম্ভব বলে মনে হয়?
- ঝ) 'চারুমুখ চিত্তহরা' কোন্ নাটকের বাংলা অনুবাদ? অনুবাদক কে?
- ঞ) 'গিরিশ মানস' গ্রন্থটি কার লেখা?
- ট) মধুসূদন দত্তের 'অমিত্রাক্ষর ছন্দের' উদ্ভাবনে কোন্ পাশ্চাত্য কবির কোন্ ছন্দের প্রভাব আছে?
- ঠ) মধুসূদনের কাব্যচেতনা নির্মাণে প্রভাব বিস্তার করেছেন এমন দুজন পাশ্চাত্য ক্লাসিক কবির নাম লেখো।
- ড) 'মৃত্যুর আগে' কবিতাটি কার লেখা?
- ঢ) দ্বিজেন্দ্রলালের 'সাজাহান' নাটকের সঙ্গে শেক্সপিয়ারের কোন্ নাটকের ভাবনাগত নৈকট্য আছে?
- ণ) শেক্সপিয়ারের নাট্যাদর্শের প্রভাব আছে এমন একটি রবীন্দ্রনাটকের নাম লেখো।
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$
- ক) রবীন্দ্রনাথের 'প্রাচীন সাহিত্য' গ্রন্থ থেকে কবি কালিদাসের কাব্যপ্রতিভা বিষয়ক দুটি প্রবন্ধের নাম লেখো।
- খ) মধুসূদনের 'কৃষ্ণকুমারী' নাটকে কোন্ গ্রিক নাটকের সঙ্গে কিছু সাদৃশ্য লক্ষ করা যায়?
- গ) স্কট ও বঙ্কিমচন্দ্রের উপন্যাসের সাদৃশ্য দুটি বাক্যে লেখো।
- ঘ) 'মেঘনাদ বধ কাব্য' নির্মাণে মধুসূদন কোন্ গ্রিক কবির কোন্ কাব্যের নিকট ঋণী?
- ঙ) 'নলিনী বসন্ত' কার লেখা? এটি কোন্ নাটকের বাংলা অনুবাদ?

- চ) 'কীর্তি বিলাস' নাটকটি কার লেখা? নাটকটি কেন গুরুত্বপূর্ণ?
- ছ) জীবনানন্দ দাশের 'আমি যদি হতাম' কবিতার সঙ্গে ইয়েটস-এর কোন্ কবিতার কিছু সাদৃশ্য দেখা যায়?
- জ) রবীন্দ্রনাথের 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের দুটি কবিতার নাম লেখো যেখানে কালিদাসের কাব্যসৌন্দর্যের প্রতি কবির অনুরাগ ফুটে উঠেছে।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ক) ইউরোপীয় রোমান্স জাতীয় উপন্যাস বঙ্কিমচন্দ্রের উপন্যাসে কতখানি প্রভাব ফেলেছে তা আলোচনা করো।
- খ) সনেট রচনায় মধুসূদন শেক্সপিয়ার ও পেত্রার্কের দ্বারা কতখানি প্রভাবিত ছিলেন লেখো।
- গ) জীবনানন্দের কবি চেতনায় পাশ্চাত্য প্রভাব কতদূর শিল্পসম্মত হয়ে উঠেছে সংক্ষেপে লেখো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$

- ক) বাংলা নাটকে শেক্সপিয়ারের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- খ) রবীন্দ্রনাথের কবিচেতনায় কালিদাসের প্রভাব সম্পর্কে আলোচনা করো।
- গ) মধুসূদন ছিলেন পাশ্চাত্য ক্লাসিক সাহিত্যের ভক্ত পাঠক। এই পাঠ তাঁর কাব্যসাহিত্যে কী প্রভাব নিয়ে এসেছে লেখো।